দৈনিক সংবাদ

তারিখ ... 24 APR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

14

## গোলযোগের আশংকা

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আবার বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৩শে এপ্রিল।– গোলযোগের আশংকায় চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয় পুনরায় বন্ধ ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষ বলছেন, শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ নির্দেশে সিন্ডিকেট এই পদক্ষেপ নিয়েছে। আগামী ৪ঠা মে হল ও ক্লাস খোলা হবে।

দীর্ঘ ৪ মাস বন্ধ থাকার পর কড়া

চট্টগ্রাম ঃ পৃঃ ৭ কঃ ৮

# চট্টগ্রাম ঃ বিশ্ববিদ্যালয় আবার বন্ধ ঘোষণা

( ১ম পাতার পর )

নিরাপত্তার মধ্য দিয়ে আজ হলসমূহ খোলা হয়। আগামীকাল থেকে ক্লাস শুরু হবার কথা ছিল।

কর্তৃপক্ষ হলে আগত ছাত্র-ছাত্রীদের আগামীকাল সকাল ১০টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দিয়েছেন। আর তা নিশ্চিত করার জন্য জেলা ও পুলিশ প্রশাসনের সহযোগিতা চাওয়া হয়েছে।

আজ সকাল থেকে বিকেল পর্যন্ত ছাত্রদের ৫টি হলে ৪শ' জন ও ছাত্রীদের একমাত্র হলে ১জন ছাত্রী ফিরে আসে। কেবলমাত্র পরিচয়-পত্রধারী আবাসিক ছাত্রছাত্রীদেরই হলে প্রবেশ করতে দেয়া হয়। আজ কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ক্যাম্পাস ও পার্শ্ববর্তী এলাকাসমূহে দাঙ্গাপুলিশসহ বিপুল পরিমাণ পুলিশ মোতায়েন রয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, শান্তি-শৃংখলা বিঘ্ন হতে পারে এই আশংকায় আজ দুপুরে শিক্ষা মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার নির্দেশ প্রদান করে। টেলিফোনযোগে উপাচার্যকে এই নির্দেশ দেয়া হয়।

সূত্র জানায়, আজ বিকেল সাড়ে ৫টায় উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরী সভায় আগামী ৩রা মে পর্যন্ত হল ও ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় মন্ত্রণালয়ের নির্দেশ পর্যালোচনা করে বলা হয়, স্থানীয় প্রশাসনের সহযোগিতায় প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা নিয়ে বিশ্ববিদ্যালয় খোলার সার্বিক প্রস্তুতি সম্পন্ন করার মুহূর্তে আরো ১০ দিনের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করতে হয়েছে।

গত বছরের ২২ ও ২৩শে ডিসেম্বর ক্যাম্পাস ও শহরে ইসলামী ছাত্র শিবিরের নাটকীয় সশস্ত্র হামলায় ছাত্রনেতা ফারুকুজ্জামান ও আইনজীবী শোয়েব খান নিহত ও দু'শতাধিক ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারী আহত হয়।

ঘটনার ব্যাপারে সরকার ১ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন। কমিটি গত ফেব্রুয়ারী ও মার্চ মাসে চট্টগ্রাম ও ঢাকায় তদন্ত কাজ চালানোর পর রিপোর্ট পেশ করে। তবে তা এখনো প্রকাশ করা হয়নি।